উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৪০৫

তারিখ: ২৩.০৫.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের মে/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৭ মে ২০২৪ খ্রি: রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। বিবিধ আলোচনা।
০৭। হাটবাজার সংক্রান্ত।

২৩/০৫/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৪০৫

তারিখ: ২৩.০৫.২০২৪ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৩/০৫/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর মে ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ ঃ ২৭ মে ২০২৪ খ্রি.

সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া সভায় বলেন যে, এলজিডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা যেতে পারে। শিক্ষা ব্যবস্থার মান্নোয়নের জন্য উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ছাত্র ছাত্রীদের উপস্থিত নিশ্চিত করতে একটি সিস্টেম চালু করা হয়ছে যেখানে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র ছাত্রীদের প্রতি দিনের হাজিরা নিশ্চিত করা যাবে। তাছাড়া সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন যদি দপ্তর প্রধানগণ তাঁর দপ্তরের কাজে কোথাও পরির্দশন করেন তবে যেন পার্শ্ববর্তী কোনো শিক্ষা প্রতিষ্ঠান থাকলে তা পরির্দশন করে আসেন। মোজাফরপুর আশ্রয়ণ কেন্দ্রের একটি রাস্তা রয়েছে সেটি আইডিভূক্ত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। মোজাফরপুর আশ্রয়ণ কেন্দ্রের রাস্তা আইডিভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের সমন্বয়ে অত্র উপজেলায় নবাগত শিশুদের একটি ডাটাবেজ করার প্রস্তাব করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির ০৪কিস্তি বরাদ্দ এসেছে। পিআইসি ও টেন্ডারের কজ বাস্তবায়িত হচ্ছে। পিআইসি প্রায় ৬০% ফাইনাল বিল প্রদান করা হয়েছে। তাছাড়া এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্পগ্রহনের (লেস মানি)অবশিষ্ট ৯,০০,০০০/- টাকা দিয়ে আরএফকিউ পদ্ধতিতে বিভিন্ন আশ্রয়ন প্রকল্পে টিউবওয়েল স্থাপন, ড্রেন নির্মাণ সহ জরুরী মেরামত কাজের প্রকল্প এবং ইউনিয়ন পরিষদ মেরামতের (লেস মানি)অবশিষ্ট ৪,৫০,০০০/-টাকা দিয়ে বিভিন্ন ইউনিয়নে আরএফকিউ পদ্ধতিতে ক্ষুদ্র মেরামত প্রকল্প গ্রহণ করার প্রস্তাব দেন। | উপজেলা প্রকৌশলী নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্ষাকালে নদী ও হাওয়র গুলোতে চায়না দুয়ারীসহ কিছু নিষিদ্ধ জাল ব্যবহার করে মাছের পোনা নিধন করে ফেলে। ফলে আমাদের দেশীয় প্রজাতির মাছ প্রায় বিলুপ্ত হয়ে যাচ্ছে। এইসব নিষিদ্ধ জাল বন্ধে নিয়মিত অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থবছরের গ্রামীণ রাস্তার কাজ চলমান রয়েছে। টিআর কাবিখা'র ৩য় পর্যায় কাজ চলমান। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহাতে ভিজিএফ চাল সঠিক ভাবে বিতরণের সকলের সহযোগিতা কামনা করেন।দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৭. | উপজেলা | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, বঙ্গবন্ধু | বঙ্গবন্ধু গোল্ডকাপ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সকলকেই | |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা বিভাগ | গোল্ডকাপ আগামী ১০ জুন ২০২৪তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এজন্য সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিস্ট সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া সকল ইউপি চেয়ারম্যানদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে সংশ্লিষ্ট ইউনিয়নে অবস্থিত যেসকল শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সেগুলো মাঝে মাঝে পরিদর্শ করার অনুরোধ করেন। | সহযোগিতা করার অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট ইউনিয়নে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো জনপ্রতিনিধিগণ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি একাডেমিক সুপারভাইজার সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৯. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানন যে, সকল ইউনিয়নে প্রতিবন্ধী যাচাই-বাছাই কাযক্রম শেষ হয়েছে। বয়স্ক ও বিধবা ভাতা বাছাই কাযক্রম কিছু ইউনিয়ন বাকি রয়েছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | যেসকল ইউনিয়নে বয়স্ক ও বিধবা ভাতা বাছাই কাযক্রম বাকি রয়েছে সেগুলো দ্রুত শেষ করতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১০. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। আশ্রয়ন প্রকল্পের মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত আশয়ন প্রকল্পের পযন্ত ০৬(ছয়)টি সমিতি নিবন্ধিত হয়েছে। একটি নিবন্ধনের কাজ চলমান। সরকারী ঋণ বরাদ্দ পেলে যথাযথ প্রশিক্ষন সাপেক্ষে নির্দেশনা অনুযায়ী আশ্রয়নবাসীদের মধ্যে ঋন প্রদান করা হবে। | খেলাপি ঋণ আদায়ে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। নতুন ঋণ দেওয়ার ক্ষেতে পূর্বের ঋণ খেলাপি আছে কিনা যাচাই করে নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১. | তথ্য সেবা কর্মকর্তা | তথ্য আপা সভায় বলেন যে, মহিলা উদ্যোক্তাকে নিয়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে অবহেলিত নারীদেরকে বিভিন্ন বিষয়ে সচেতন করা হচ্ছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সকল দপ্তর প্রধানগণ<br>সহকারী প্রোগ্রামার |
| ১৩. | চেয়ারম্যান গন্ডা | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় বলেন যে, স্মার্ট বাংলাদেশ গড়তে সু-শিক্ষার কোনো বিকল্প নাই। তাই শিক্ষিত সমাজ গড়েতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান্নোয়নে কাজ করতে হবে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান গড়াডোবা |
| ১৪. | চেয়ারম্যান, চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, অত্র ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, চিরাং |
| ১৫. | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, মাসকা ইউনিয়নে পিজাহাতী হতে শিমুলতলা রাস্তার কাজ শেষ হলেও ইউড্রেন এর কাজ সম্পন্ন হয়নি। এতে জনদুর্ভোগ বারছে। তাছাড়া উক্ত রাস্তায় পুরাতন যে ইউড্রেনগুলো ছিল সেগুলো মেরামত করে নতুন বলে চালিয়ে দেওয়া হচ্ছে, যা নিয়ম বর্হিভূত। সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কমিউনিটি ক্লিনিকগুলোতে নির্ধারিত সময়ে ডাক্তার উপস্থিত হয় না সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। | উপজেলা প্রকৌশলী উক্ত রাস্তা সরেজমিনে পরিদর্শনপূর্বক বাস্তব চিত্র তুলে ধরে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান মাসকা |
| ১৬. | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি | চেয়ারম্যান, সান্দিকোনা ইউপি সভায় বলেন যে, এডিপি পিআইসির কাজ শেষ। পরিদর্শন করে বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ১৭. | চেয়ারম্যান, নওপাড়া ইউপি | চেয়ারম্যান, নওপাড়া ইউপি সভায় বলেন যে, টিসিবি'র কার্ডগুলো দীর্ঘদিন আগে তালিকাভূক্ত করা হয়েছিল। বর্তমানে কার্ডগুলো কিছু নামের পরিবর্তন করা প্রয়োজন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৮. | চেয়ারম্যান রোয়াইলবাড়ী | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, টিসিবির মালামাল বিতরণে গোডাউন থেকে চাল পৌছাতে অনেক সময় দেরী হয়ে ফলে সময় মতো টিসিবির মালামাল বিতরণ করা সম্ভব হয়নি। বেতাই নদী খনন করা হয়েছে কয়েক দিন পূর্বে। ইউনিয়নে অন্যান্য খাল গুলো খনন না করা হলে সামনের বর্ষাতে পানি নিষ্কাষনে অনেক ব্যাঘাত ঘঠবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সময়মত টিসিবির চাল পৌছানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯. | চেয়ারম্যান, | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, আসন্ন বর্ষায় উন্মুক্ত | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় | উপজেলা মৎস |

| | | | | |
|---|---|---|---|---|
| | মোজাফরপুর ইউপি | জলাশয়ে সমান ভাবে মাছের পোনা অবমুক্ত করার প্রস্তাব করেন। টিসিবির কার্ড স্মার্ট ফ্যামিলি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তালিকায় কিছু ভুল ভ্রান্তি রয়েছে সেগুলো হালনাগাত করা প্রয়োজন। ইউনিয়নের বিভিন্ন গ্রামে অনেক রাস্তায় বর্ষাকালে কাদা হয়ে যায় এগুলো জরুতি ভিত্তিতে মেরামত করার প্রস্তাব করেন। | ব্যবস্থা নিবেন। | কর্মকর্তা উপজেলা প্রকৌশলী এলজিইডি চেয়ারম্যান মোজাফরপুর |
| বিবিধ -১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় প্রস্তাব করেন যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ ২৩ এপ্রিল ২০২৪ তারিখে ৩২২নং স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও আনুসাঙ্গিক কাজ সম্পন্ন হলে বিল প্রদান করা যেতে পারে। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৮,০০,০০০/-টাকা করে দুটি প্যাকেজে ১৬,০০,০০০/-(ষোল লক্ষ) টাকার বিল প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |
| বিবিধ -২ | | চেয়ারম্যান উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. চেয়ারম্যান আশুজিয়া, দলপা, গন্ডা, গড়াডোবা, বলাইশিমুল, সান্দিকোনা, নওপাড়া, রোয়াইলবাড়ী, কান্দিউড়া, মাসকা, চিরাং, পাইকুড়া ও মোজাফরপুর এর নামে মশন নিধনের জন্য প্রতি ইউনিয়নের চেয়ারম্যানদ্বয়ের নামে ৮,৯৫০/-(আট হাজার.নয়শত পঞ্চাশ) টাকা করে চেক নং যথাক্রমে ৭১৮৩৭৩০,৭১৮৩৭৩৩,৭১৮৩৭৩৯,৭১৮৩৭৩৬, ৭১৮৩৭৬৬,৭১৮৩৭৪২,৭১৮৩৭৪৮,৭১৮৩৭৫৭,৭১৮৩৭৫১,৭১৮৩৭৪৫ ,৭১৮৩৭৫৪৭১৮৩৭৬০,৭১৮৩৭৬৩ মূলে প্রদান করা হয়েছে। সেই সাথে ভ্যাট আয়কর সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করা হয়েছে। ০২. মার্চ ও এপ্রিল মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিল বাবদ চেক নং- ৭১৮৩৭৬৯ মূলে ২,৬৮৫(দুই হাজার পঁচাশি) টাকা ও উপজেলা পরিষদের কাম্পিউটারের টুনার, টুনার ড্রাম সার্ভিসিং বাবদ ১৩,৯৪০/-(তেরো হাজার নয়শত চল্লিশ) টাকা জনাব আমান উল্লাহ, সিএ উপজেলা পরিষদকে প্রদান করা হয়েছে। | ০১ নং ক্রমিরেক খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মশক নিধন খাত হতে, ২ ও ৩নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৭ মে ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪১০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

29/05/2024

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২৭ মে ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৪১০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

29/05/2023

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা